তারিখ : 18 DEC 200–
পৃষ্ঠা : ৩ কলাম ৩

দৈনিক জনকণ্ঠ

# বিজয় দিবসেও পরীক্ষা নেয়া হলো ময়মনসিংহের আনন্দমোহন কলেজে!

ময়মনসিংহ, ১৭ ডিসেম্বর, নিজস্ব সংবাদদাতা ॥ ময়মনসিংহ সরকারী আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজে গত ১৬ ডিসেম্বর সোমবার মহান বিজয় দিবসেও পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কলেজের অধ্যক্ষ ড. আজিজুর রহমান প্রাণিবিদ্যা বিভাগের মাস্টার্স শেষ পর্বের এ ব্যবহারিক পরীক্ষা গ্রহণের সত্যতা স্বীকার করেছেন। ময়মনসিংহের শিক্ষক সমাজ বিজয় দিবসে পরীক্ষা অনুষ্ঠানের ঘটনায় বিস্ময় প্রকাশ করেছে। শিক্ষক সমাজ ময়মনসিংহের সিনেমা হলে বোমা হামলার ঘটনার মতোই আনন্দমোহন কলেজের ইতিহাসে এ ধরনের পরীক্ষা গ্রহণের ঘটনাটিকে নজিরবিহীন ও জোট সরকারের স্মরণীয় কীর্তি বলে উল্লেখ করেছে। জানা গেছে, সোমবার মহান বিজয় দিবসের সরকারী ছুটির দিনে আনন্দমোহন কলেজের প্রাণিবিদ্যা বিভাগের মাস্টার্স শেষ পর্বের ছাত্রছাত্রীদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে। ক্ষুব্ধ ছাত্রছাত্রীরা অনেকটা বাধ্য হয়েই পরীক্ষায় অংশ নেয়। কলেজ অধ্যক্ষ ড. আজিজুর রহমান মঙ্গলবার দুপুরে টেলিফোনে জনকণ্ঠকে পরীক্ষা গ্রহণের কথা স্বীকার করে জানান, এটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ব্যাপার। আনন্দমোহন কলেজের সাবেক একাধিক অধ্যক্ষ জনকণ্ঠকে বিজয় দিবসে এ রকম পরীক্ষা গ্রহণের ঘটনাকে নজিরবিহীন বলে দাবি করেছেন। ময়মনসিংহের স্থানীয় একাধিক শিক্ষক এ ঘটনায় বিস্ময় প্রকাশ করেছেন। জোট সরকারের অন্যতম শরিক জামায়াতে ইসলামী কিছু শিক্ষক বিজয় দিবসে আনন্দমোহন কলেজে পরীক্ষা গ্রহণে সক্রিয় ভূমিকা পালন করেছেন বলে প্রচার রয়েছে।